



## দাদির কবর জিয়ারত করলেন জাইমা রহমান



সংগৃহীত ছবি

সদ্যপ্রয়াত সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার কবর জিয়ারত করেছেন তার নাতনি জাইমা রহমান। পরিবারের সদস্যদের সঙ্গে নিয়ে শুক্রবার (২ জানুয়ারি) সকালে তিনি রাজধানীর জিয়া উদ্যানে যান।

সকাল সাড়ে দশটার দিকে প্রায় ২০ জন স্বজন নিয়ে জিয়া উদ্যানে পৌঁছান জাইমা রহমান। সেখানে তারা খালেদা জিয়ার সমাধিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন এবং দীর্ঘ সময় মোনাজাতে অংশ নেন। জিয়ারত শেষে সকাল ১০টা ৪০ মিনিটের দিকে তারা উদ্যান ত্যাগ করেন। পুরো সময়টিতে পরিবারের সদস্যদের শান্ত ও সংযত অবস্থায় দেখা যায়।

এ সময় জাইমা রহমানের সঙ্গে উপস্থিত ছিলেন খালেদা জিয়ার ছোট ছেলে প্রয়াত আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শর্মিলা রহমানসহ পরিবারের নিকটাত্মীয়রা।

উল্লেখ্য, গত ৩১ ডিসেম্বর পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় খালেদা জিয়াকে তার স্বামী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়। দাফন কার্যক্রমে পরিবারের পক্ষ থেকে নেতৃত্ব দেন বড় ছেলে তারেক রহমান। এর আগে সশস্ত্র বাহিনীর পক্ষ থেকে মরহুমার প্রতি ‘গার্ড অব অনার’ প্রদান করা হয়।

এরও আগে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা ও মানিক মিয়া এভিনিউ সংলগ্ন এলাকায় খালেদা জিয়ার জানাজা অনুষ্ঠিত হয়, যেখানে সর্বস্তরের মানুষের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়।